

কোয়ান্টাম সভা

কর্ণফুলী রিপোর্ট

“আমি এক অনন্য মানুষ, আমরা এক মহান জাতি” এই শ্লোগান নিয়ে কোয়ান্টাম মেথড, মেডিটেশন গ্রুপের যাত্রা শুরু হয়েছিল আজ থেকে দেড় যুগ আগে। এর প্রতিষ্ঠাতা কোয়ান্টাম গুরু মহাজাতক শহীদ আল বোখারী। ঢাকাতে এর কার্যক্রম শুরু হলেও ধীরে ধীরে ঢাকা ছাড়াও রাজশাহী, খুলনা, চট্টগ্রাম এবং বাংলাদেশের অন্যান্য স্থানে এর শাখা ছড়িয়ে পড়ে।

বান্দরবনের মনোরম প্রাকৃতিক পরিবেশে একটি ভূমি অধিগ্রহণ করে সেখানে কোয়ান্টাম আশ্রম তৈরি করা হয়েছে। পরবর্তীতে দেশের বাইরেও এর প্রসার ও প্রচার ছড়িয়ে পড়ে। বর্তমানে অস্ট্রেলিয়ার সিডনীতে বেশ কয়েক জন উদ্যোগী ছেলে মেয়ে কোয়ান্টাম মেথড এর একটি সেল চালু করেছে।



মূলত কোয়ান্টাম মেথড একটি মেডিটেশন পদ্ধতির নাম। বিশ্ববিখ্যাত মনোস্তত্ববিদ হোসে সিলভার উদ্ভাবিত সিলভা মেথড অনুসরণে বাংলায় খুব সহজ পদ্ধতিতে বেশ কিছু বিষয় সংযোজন, বিয়োজন করে মহাজাতক এই কোয়ান্টাম মেথড পদ্ধতি আবিষ্কার করেন।



মানুষের অবচেতন মন খুব শক্তিশালী। বিশেষ প্রক্রিয়ায় ধ্যানের মাধ্যমে মানুষের এই অবচেতন মনকে কাজে লাগিয়ে অটো সাজেশন দিয়ে ও মন ছবি দেখে মানুষ অর্জন করতে পারে প্রশান্তি, সুস্বাস্থ্য, সাফল্য।

কোয়ান্টাম মেথডের একটি অটোসাজেশনে এর মূল উদ্দেশ্য প্রতিফলিত হবে আর তা হলোঃ “সুস্থ দেহ, প্রশান্ত মন, কর্ম ব্যস্ত,

সুখী জীবন”। প্রত্যেকটি মানুষের জীবনের মৌলিক চাওয়া এটি। সুখী সুন্দর জীবন সবার কাম্য। আর এর জন্য দরকার দৃষ্টিভঙ্গী বদলানোর আর সঠিক নিয়মে মেডিটেশন করা। একমাত্র ধ্যান বা মেডিটেশন পারে আপনার আত্মাকে শান্তি দিতে আর আপনাকে পৌঁছে দিতে পারে আপনার কাঙ্ক্ষিত লক্ষ্যে।

কোয়ান্টাম ফাউন্ডেশনের কার্যক্রম প্রথমে মেডিটেশন কোর্স দিয়ে শুরু হলেও পরবর্তীতে জন সাধারণের জন্য রাস্তায় বিশুদ্ধ পানি সরবরাহ, রক্ত দান কর্মসূচী, শিশু কানন এবং অন্যান্য জনসেবামূলক কাজ শুরু করে। এভাবে কোয়ান্টাম পরিবারের সদস্যরা মহতী কাজে জড়িয়ে অপার আনন্দ পেতে শুরু করে।



দেশের সীমানা পেরিয়ে বিদেশের মাটিতেও এর কার্যক্রম ছড়িয়ে পড়ে। গত ২০০৯ সালে বেশ কিছু উদ্যোগী উৎসাহী তরুণ তরুণী অষ্ট্রেলিয়ার সিডনী শহরে কোয়ান্টাম মেডিটেশন সোসাইটি গড়ে তুলে। গত ১৭ই জুলাই ২০১১ তে প্রথম তারা জনসমক্ষে কোয়ান্টাম সভার আয়োজন করে ল্যাকেস্বার পাবলিক লাইব্রেরী মিলনায়তনে। অনুষ্ঠানে ছিল কোয়ান্টাম এর উদ্দেশ্য ও উপকারিতা নিয়ে আলোচনা, মেডিটেশন করে শারীরিক সুস্থতা লাভ করেছেন এমন কিছু মানুষের কথা নিয়ে ভিডিও চিত্র এবং পরিশেষে যৌথ মেডিটেশন।

কর্ণফুলী রিপোর্ট, ২৪/০৭/২০১১

উক্ত অনুষ্ঠান সম্পর্কে কোয়ান্টামের বিজ্ঞাপনটি দেখতে এখানে [টোকামারুন](#)